



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪২.২০.৬০

তারিখ: ১ মাঘ ১৪২৭
১৫ জানুয়ারি ২০২১

বিষয়: ডিগ্রি স্তরের ৩য় কোটায় প্রভাষকের এমপিওভুক্তি প্রসঙ্গে।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৪(খন্ড-১).৩৫০, তারিখ ২৮/০৮/২০১৮খ্রি. মোতাবেক জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১৮(১২ জুন, ২০১৮ তারিখে জারিকৃত) ডিগ্রি স্তরে বিষয় অধিভুক্ত এবং ০৪.০২.২০১০ তারিখের পূর্বে প্রচলিত বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত তৃতীয় শিক্ষকদের জনবল কাঠামোর অন্যান্য সকল শর্তাদি পূরণ সাপেক্ষে এমপিওভুক্ত করা সিদ্ধান্ত গ্রহণ করার হয়েছে উল্লেখ করে পত্র জারি করে।

মন্ত্রণালয়ের উক্ত আদেশের প্রেক্ষিতে ডিগ্রি স্তরের তৃতীয় কোটার শিক্ষকদের জনবল কাঠামোতে প্যাটার্নভুক্ত পদ না হওয়ায় এবং প্রতি বিষয়ে ০২ জন করে শিক্ষক এমপিওভুক্তির সিদ্ধান্ত থাকায় অফ লাইনের মাধ্যমে হার্ড কপিতে মাউশি অধিদপ্তর থেকে ৩য় শিক্ষকের এমপিওভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাউশি, রংপুরকে নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

০১. বিধি বর্হিভূতভাবে তাঁর অঞ্চল থেকে যেসকল ডিগ্রি পর্যায়ের তৃতীয় শিক্ষক এমপিওভুক্ত হয়েছে তাদের এমপিও বাতিল করার জন্য ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ব্যবস্থা গ্রহণ।

০২. শিক্ষা মন্ত্রণালয় ও মাউশি অধিদপ্তরের নির্দেশনা বর্হিভূতভাবে ডিগ্রি (পাশ) স্তরের তৃতীয় শিক্ষকদের অঞ্চল থেকে এমপিও করা চরম বিশৃঙ্খলা। এই বিষয়ে পত্র প্রাপ্তির ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করা।

১৫-১-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

পরিচালক

পরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪২.২০.৬০/১(১৯)


তারিখ: ১ মাঘ ১৪২৭
১৫ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।।

২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

- ৩) পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
৪) আঞ্চলিক উপপরিচালক-সকল (কলেজ শাখা)



১৫-১-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক